

শেখ হাসিনার মমতায়  
ভাতার অর্থ দোরগোড়ায়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।  
dss.sadar.lakshmipur.gov.bd



স্মারক নম্বর - ৪১.০১.৫১৪৩.০০০.১৮.০১৫.২১. ২২৪

২১ আষাঢ় ১৪৩০  
তারিখ: ০৫ জুলাই ২০২৩

### গণবিজ্ঞপ্তি

বিষয়ঃ বশিকপুর ইসলামিয়া এতিমখানার সাধারণ পরিষদের সদস্য তালিকা হালনাগাদ করণার্থে নতুন সদস্য পদের  
আবেদন গ্রহণের তারিখ ও স্থান পরিবর্তন প্রসঙ্গে।

সূত্রঃ উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর এর স্মারক নম্বরঃ ৪১.০১.৫১০০.০০০.২৮.৪৬০.১৮.৩২৫  
তারিখঃ ২৯ মে ২০২৩ খ্রি.

সূত্র (০২): উপজেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এর স্মারক নম্বরঃ ৪১.০১.৫১৪৩.০০০.১৮.০১৫.২১.  
১৭৮(ক) তারিখঃ ১১ জুন ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে লক্ষ্মীপুর সদর উপজেলার সর্বস্তরের জনগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে  
যে, সূত্র (০১) এ উল্লেখিত পত্রের আলোকে আদিষ্ট হয়ে বশিকপুর ইসলামিয়া এতিমখানা, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এর  
কার্যনির্বাহী কমিটি নতুন করে গঠন করার উদ্দেশ্যে সর্বসাধারণের মধ্যে থেকে সাধারণ পরিষদের সদস্য আহ্বানের জন্য  
সূত্র (০২) এ উল্লেখিত পত্রের আলোকে গণবিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত গণবিজ্ঞপ্তিতে আবেদনপত্র বিতরণ ও জমা প্রদানের  
শেষ তারিখ ২৪ জুন ২০২৩ খ্রি. ও স্থান বশিকপুর ইসলামিয়া এতিমখানার অফিস কক্ষ নির্ধারণ করা হয়। সার্বিক দিক  
বিবেচনা করে বশিকপুর ইসলামিয়া এতিমখানার তত্ত্বাবধায়ক কমিটির সর্বসম্মতিক্রমে সদস্য ফরম জমা নেওয়ার স্থান  
ও সময় পরিবর্তন করা হয়। ব্যক্তির হাতে থাকা কিংবা বশিকপুর ইসলামিয়া এতিমখানার অফিস কক্ষে জমাকৃত সকল  
আবেদন ফরম ফেরত নিয়ে আবেদনকারী স্বয়ং স্বশরীরে উপজেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এ  
জনাব মুঃ সাইফুল আজম আল মুরাদ, ইউনিয়ন সমাজকর্মী ও সদস্য, তত্ত্বাবধায়ক কমিটি এর নিকট জমা প্রদানের জন্য  
অনুরোধ করা হলো।

সদস্য হওয়ার জন্য একজন ব্যক্তি আবেদনের সাথে যা যা দিবেনঃ

০১। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।


০২। এক কপি পাসপোর্ট সাইজ ছবি।

০৩। ফরম জমা দেওয়ার সময় ১০ (দশ) টাকা দিতে হবে।

সদস্য হতে ইচ্ছুক সকলকে অফিস চলাকালীন সময়ে ০৬ জুলাই ২০২৩ খ্রি. তারিখ হতে ২০ জুলাই ২০২৩ খ্রি. তারিখ  
পর্যন্ত সদস্য ফরম উপজেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এ জমা প্রদান করবেন। প্রয়োজনে জনাব মুঃ  
সাইফুল আজম আল মুরাদ, ইউনিয়ন সমাজকর্মী ও সদস্য, তত্ত্বাবধায়ক কমিটি এর এর মোবাইলে (০১৭৫৮৭০৯৮১৭)  
যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ উল্লেখিত তারিখের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না।

জনাব মুঃ সাইফুল আজম আল মুরাদ, ইউনিয়ন সমাজকর্মী ও সদস্য, তত্ত্বাবধায়ক কমিটি, বশিকপুর ইসলামিয়া  
এতিমখানা, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুরকে গণবিজ্ঞপ্তি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(মোঃ শরীফ হোসেন)

উপজেলা সমাজসেবা অফিসার

লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

ফোন: ০২৩৩৪৪৪১৬১২

ই-মেইল: ussosadar.1996@gmail.com

**সদয় জ্ঞাতার্থে:**

০১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

০৩। অফিস কপি।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। চেয়ারম্যান, বশিকপুর ইউনিয়ন পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

০২। অধ্যক্ষ, বশিকপুর কামিল মাদ্রাসা।

০৩। অধ্যক্ষ, মাদ্রাসাতুল বানাত আল ইসলামিয়া।

০৪। অধ্যক্ষ, বশিকপুর স্কুল এন্ড কলেজ।

০৫। প্রধান শিক্ষক, বিরাহিমপুর উচ্চ বিদ্যালয়।

০৬। তত্ত্বাবধায়ক, বেগম মনিরুন্নেসা এতিমখানা।

০৭। তত্ত্বাবধায়ক, বশিকপুর ইসলামিয়া এতিমখানা।

(মোঃ শরীফ হোসেন)

উপজেলা সমাজসেবা অফিসার

লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।